গাংনীতে কালবের উদ্যোগে মিউচুয়াল বেনিফিট প্রদান অনুষ্ঠিত

গাংনী উপজেলা শিক্ষক-কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের আয়োজনে এবং দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিমিটেডের (কালব) সহযোগিতায় মিউচুয়াল বেনিফিট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সমিতির কার্যালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমিতির সহ-সভাপতি আবু সায়েম পল্টু।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির ডিরেক্টর ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির ডিরেক্টর হারুনুর রশিদ রবি, সাধারণ সম্পাদক ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আমিরুল ইসলাম, কোষাধ্যক্ষ আক্তারুজ্জামান, কালবের জেলা ব্যবস্থাপক সুজয় কুমার বসু, শাখা ব্যবস্থাপক কাউছার আলী এবং মিউচুয়াল বেনিফিট গ্রহীতা ছানোয়ার হোসেন বাবলু।

অনুষ্ঠানে জানানো হয়, সমিতির সদস্য ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের আইসিটি বিভাগের প্রভাষক আসমা আক্তার বানু সম্প্রতি হঠাৎ মৃত্যুবরণ করেন। সমিতির নিয়ম অনুযায়ী মিউচুয়াল বেনিফিটের আওতায় মোট ৪ লাখ ৫৫ হাজার ৩৮০ টাকার মধ্যে তার ঋণ বাবদ ৩ লাখ ৪২ হাজার ৭০০ টাকা পরিশোধ করা হয় এবং অবশিষ্ট ১ লাখ ১২ হাজার ৬৩০ টাকা নগদ তার নমিনি স্বামী ছানোয়ার হোসেন বাবলুর হাতে তুলে দেওয়া হয়।

প্রধান অতিথির বক্তব্যে আবুল কালাম আজাদ স্বপন বলেন, “এই প্রতিষ্ঠানটি শিক্ষক-কর্মচারীদের বিভিন্ন সংকটময় সময়ে পাশে থেকে সহায়তা করে আসছে। বিশেষ করে আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি অত্যন্ত প্রশংসনীয়।” তিনি সমিতির কার্যক্রম আরও স্বচ্ছ ও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন।

তিনি আরও বলেন, কোনো সদস্য মৃত্যুবরণ করলে তার ঋণের দায় পরিবারের ওপর চাপানো হয় না। পাশাপাশি নমিনি বা পরিবারের সদস্যদের মিউচুয়াল বেনিফিট ও দাফন-কাফনের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়, যা সমিতির মানবিক দৃষ্টিভঙ্গির পরিচয় বহন করে।

অনুষ্ঠানে সমিতির কার্যক্রম আরও বিস্তৃত ও গতিশীল করতে সকল সদস্যকে একযোগে কাজ করার আহ্বান জানানো হয়। বক্তারা আশা প্রকাশ করেন, ভবিষ্যতেও কালব শিক্ষক-কর্মচারীদের কল্যাণে কাজ করে যাবে।